এনভায়রনমেন্টাল অ্যান্ড সোশ্যাল কোড অফ প্র্যাকটিস (ESCoPs)

COVID-১৯ স্কুল সেক্টর রেসপন্স (CSSR) প্রকল্পের জন্য প্রযোজ্য

COVID-১৯ স্কুল সেক্টর রেসপন্স (CSSR) প্রকল্পের কার্যক্রমের সাথে সম্পৃক্ত পরিবেশগত এবং সামাজিক ঝুঁকি ও প্রভাবসমূহ ব্যবস্থাপনা বিষয়ে এনভায়রনমেন্টাল অ্যান্ড সোশ্যাল কোড অফ প্র্যাকটিস (ESCoPs) প্রণয়ন করা হয়েছে। ESCoPs এর মাধ্যমে COVID-১৯ পরবর্তীকালে বিদ্যালয়সমূহ পুনরায় খোলার পর বিদ্যালয় প্রাঙ্গনে উদ্ভুত সকল ধরণের পরিবেশগত এবং সামাজিক সমস্যাসমূহ দূরীকরণ ও টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে যথায়থ মান পূরণ পূর্বক প্রয়োজনীয় উপকরণাদি চিহ্নিতকরণ এবং কার্যকর প্রক্রিয়া নির্ধারণের বিষয়ে আলোকপাত করা হয়েছে। প্রকল্পের পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামো (ESMF) অনুসরণ পূর্বক আলোচ্য এনভায়রনমেন্টাল অ্যান্ড সোশ্যাল কোড অফ প্র্যাকটিস (ESCoPs) প্রস্তুত করা হয়েছে।

উল্লেখ্য যে, সকল ধরণের জীবাণুনাশক পরিচ্ছন্নতা কার্যক্রম বিদ্যালয় ছুটির সময় পরিচালনা করা হবে। কোন বিদ্যালয় খোলা থাকলে সেক্ষেত্রে সাপ্তাহিক বা অন্যান্য ছুটির দিনে এ কার্যক্রম পরিচালনা করা যাবে।

সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডারদের সাথে আলোচনা করে এসএমসি/উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জীবাণুনাশক পরিচ্ছন্নতা কার্যক্রমের বাস্তবায়ন তত্ত্বাবধান করবেন।

ESCoP নং	পরিবেশ ও সামাজিক বিষয়সমূহ	সম্পাদনযোগ্য কার্যাবলী
১	ক্লিনিং এজেন্ট / জীবাণুনাশক উপকরণ নির্বাচন	• ক্লাসরুম এবং স্কুল প্রাঙ্গণ পরিষ্কার/জীবাণুমুক্ত করার জন্য BSTI কর্তৃক অনুমোদিত সাবান, সাধারণ টয়লেট/মেঝে পরিষ্কারের উপকরণ অথবা ব্লিচিং পাউডার ব্যবহার করা যেতে পারে। • অন্য কোন রাসায়নিক ব্যবহার করার আগে, PIU থেকে অনুমোদন গ্রহণ করতে হবে।
২	ক্লিনিং এজেন্ট / জীবাণুনাশক সংরক্ষণ এবং ব্যবস্থাপনা	• ক্লিনিং এজেন্ট/রাসায়নিক জীবাণুনাশক সংরক্ষণের জন্য ক্লাসরুম থেকে নিরাপদ দূরত্বে থাকা একটি এলাকা/কক্ষ (স্টোরেজ) নির্বাচন করতে হবে। • সংরক্ষণ এলাকা/কক্ষ (স্টোরেজ)-তে প্রবেশাধিকার সীমিত ও নিয়ন্ত্রিত রাখতে হবে । • সংরক্ষণ এলাকা/কক্ষ (স্টোরেজ)-টি যথাযথ বিপদ সংকেত দ্বারা চিহ্নিত করতে হবে। • সংরক্ষণ এলাকা/কক্ষ (স্টোরেজ)-এ পর্যাপ্ত বায়ু চলাচল ও সঞ্চালনের ব্যবস্থা আছে কিনা তা নিশ্চিত করতে হবে। • যে কোন ধরণের রাসায়নিক পদার্থ ছড়িয়ে পড়াজনিত দুর্ঘটনা নিয়ন্ত্রণ করার জন্য সঠিক এবং উপযুক্ত শোষণকারী উপকরণ মজুদ রাখতে হবে। • নিরাপদভাবে প্রয়োজনীয় উপকরণাদি/সরঞ্জামাদি পরিচালন পদ্ধতি, সংগ্রহ, মজুদ এবং বর্জ্য নিষ্কাশন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে।
৩	সকল প্রকার ক্লিনিং এজেন্ট / জীবাণুনাশক বর্জ্য নিষ্কাশন ব্যবস্থাপনা	• ব্লিচিং পাউডার বা অন্য কোনো ক্লিনিং এজেন্ট জলাশয়ে ফেলা যাবে না। • উপাদানের ধরনের উপর নির্ভর করে ব্যবহৃত পাত্রসমূহ পুনর্ব্যবহারের অনুশীলন করতে হবে। • ডিটারজেন্ট পাউডার রাখার জন্য ব্যবহৃত কার্ডবোর্ডের বাক্সগুলিকে অন্যান্য কাগজের পণ্যের সাথে পুনর্ব্যবহার করতে হবে৷

Muhammad Fazle Elahi
Program Officer
COVID-19 School Sector Response (CSSR) Project
Directorate of Primary Education
Mirpur-2, Dhaka-1216

Mirza Nurun Naher
Program Officer
COVID-19 School Sector Response Project
Directorate of Primary Education
Mirpur-2, Dhaka-1216

Md. Jowaher Raza
Environmental & Social Safeguard Specialist
COVID-19 School Sector Response (CSSR) Project
Directorate of Primary Education
Mirpur-2, Dhaka-1216

Md Mizanur Rahman, NDC
Project Director (Additional Secretary)
COVID-19 School Sector Respons Project
Dircetorate of Primary Education

ESCoP নং	পরিবেশ ও সামাজিক বিষয়সমূহ	সম্পাদনযোগ্য কার্যাবলী
৪	স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কার্যক্রম (OHS)	• সম্ভাব্য বিপদের উপর ভিত্তি করে কী কী PPE (যেমন গ্লাভস, চশমা বা গগলস) প্রয়োজন তা নিশ্চিত করার জন্য পণ্যের লেবেল পর্যবেক্ষণ করতে হবে। • ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE), যেমন মাস্ক, গ্লাভস, প্রতিরক্ষামূলক পোশাক, গগলস ইত্যাদির প্রাপ্যতা যাচাই করতে হবে। • হাত ধোয়ার বুথ/সুবিধা পর্যাপ্ত ব্যবস্থা আছে কিনা তা যাচাই করতে হবে। • পরিচ্ছন্নতা কর্মীদের জন্য প্রাথমিক চিকিৎসা সুবিধা নিশ্চিত করতে হবে। • পরিষ্কার/জীবাণুমুক্ত করার সময় PPE যথাযথভাবে ব্যবহার করা হয়েছে কিনা তা যাচাই করতে হবে। • পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার সময়ে জীবাণুনাশক এজেন্ট ব্যবহারের ক্ষেত্রে সকল প্রকার ঝুঁকি নেওয়া থেকে বিরত থাকা বিষয়ে পরিচ্ছন্নতা কর্মীদের যথাযথভাবে অবহিত করতে হবে। বিশেষ করে, দুর্ঘটনাক্রমে কোন জীবাণুনাশক এজেন্ট ভুলবশতঃ গিলে ফেলা, চোখের সংস্পর্শে আসা বা নিঃশ্বাসের মাধ্যমে গ্রহণ করার বিষয়ে পর্যাপ্ত সতর্কতা অবলম্বন এবং এক্ষেত্রে চিকিৎসা সহায়তা প্রাপ্তি বিয়য়ে গুরুত্বাপরোপ করতে হবে। • পরিচ্ছন্নতা কর্মীগণ কর্তৃক জাতীয় COVID-১৯ নির্দেশিকা অনুসরণ এবং সর্বদা নিরাপদ দূরত্ব বজায় রাখার বিষয়সমূহ নিশ্চিত করতে হবে।
৫	সরঞ্জাম ব্যবহার	• স্কুল চলাকালীন সময়ে জীবাণুমুক্তকরণের উদ্দেশ্যে কোনো যন্ত্রপাতি ব্যবহার করা হলে, শব্দ দূষণ এড়ানোর জন্য তা শ্রেণীকক্ষ বা জমায়েতের স্থান থেকে দূরে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। • সকল প্রকার সরঞ্জাম সচল ও কর্মক্ষম অবস্থায় আছে কি না এবং প্রস্তুতকারক প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণ পদ্ধতি অনুসরণ করা হচ্ছে কি না তা যাচাই করতে হবে। • চুরি যাওয়া, মাত্রাতিরিক্ত ও অননুমোদিত ব্যবহার ইত্যাদি হতে রক্ষার নিমিত্ত সকল প্রকার সরঞ্জাম ও উপকরণাদি তালিকাবদ্ধ করে জবাবদিহিতার আওতায় এনে নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
৬	শ্রম ব্যবস্থাপনা এবং অভিযোগ প্রতিকার প্রক্রিয়া (GRM)	• প্রকল্পের কার্যক্রমে কোনো শিশু (১৮ বছরের নিচে) বা অন্য কাউকে জোর পূর্বক পরিচ্ছন্নতা কাজে ব্যবহার করা হচ্ছে কি না তা নিশ্চিত করতে হবে। • সম্ভাব্য বিপদ এবং ঝুঁকি সম্পর্কে পরিচ্ছন্নতা কর্মীদের বিশদভাবে ব্যাখ্যা করতে হবে। • পরিষ্কার/জীবাণুমুক্তকরণ কার্যক্রমের সময় যেন লিঙ্গ ভিত্তিক কোন সহিংসতা না হয় তা কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে। • কোনো প্রকার দূর্ঘটনা ঘটলে তা তাৎক্ষণিকভাবে সুপারভাইজার বা স্কুল কর্তৃপক্ষকে জানানোর বিষয়ে পরিচ্ছন্নতা কর্মীদের অবহিত করতে হবে। • প্রকল্পের সাথে সম্পৃক্ত যে কোন অভিযোগ দাখিল/নিরসনের লক্ষ্যে প্রকল্পের GRM পদ্ধতি অবহিত করতে হবে। • জীবাণুনাশক কার্যক্রমে মহিলাদের জন্য সমান সুযোগ নিশ্চিত করতে হবে।

Muhammad Fazle Elahi
Program Officer
COVID-19 School Sector Response (CSSR) Project
Directorate of Primary Education
Mirpur-2, Dhaka-1216

Mirza Nurun Naher
Program Officer
COVID-19 School Sector Response Project
Directorate of Primary Education
Mirpur-2, Dhaka-1216

Md. Jowaher Raza
Environmental & Social Safeguard Specialist
COVID-19 School Sector Response (CSSR) Project
Directorate of Primary Education
Mirpur-2, Dhaka-1216

Md Mizanur Rahman, NDC
Project Director (Additional Secretary)
COVID-19 School Sector Respons Project
Dircetorate of Primary Education